

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিচালনা মন্ত্রণালয়
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
আইসিটি-১ শাখা
www.sid.gov.bd

বিষয়: ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব মোঃ নূসুল আলম
যুগ্মসচিব ও চীফ ইনোভেশন অফিসার, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।
সভার তারিখ : ২৮/০২/২০২১ খ্রিঃ
সময় : রাত ০৯.০০ ঘটিকা
স্থান : জুম প্ল্যাটফর্ম

উপস্থিত কর্মকর্তাদের তালিকা: পরিশিষ্ট-ক

সভাপতি সভার শুরুতে উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি বলেন, বর্তমান সরকার ২০৪১ সালের মধ্যে বাংলাদেশকে একটি উন্নত রাষ্ট্রে পরিণত করতে বদ্ধপরিকর। এই উন্নয়ন রূপকল্প উত্তাবনী উদ্যোগের মাধ্যমে বাস্তবায়ন করা হলে সুশাসন ও জবাবদিহিতার মাধ্যমে টেকসই উন্নয়নের পথ সুগম হবে। এরই প্রেক্ষিতে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ ইনোভেশন কর্মপরিকল্পনা গ্রহণ ও পরিচালনা করে আসছে। এ পর্যায়ে সভাপতি এ বিভাগের প্রোগ্রামার ও ইনোভেশন টিমের সদস্য সচিব জনাব মু: ওয়াহিদ মুরাদকে বার্ষিক উত্তাবন কর্মপরিকল্পনা ২০২০-২১ এর আওতায় আজকের সভার আলোচ্যসূচি উপস্থাপন করতে অনুরোধ করেন।

০২। এ পর্যায়ে প্রোগ্রামার ও ইনোভেশন টিমের সদস্য সচিব জনাব মু: ওয়াহিদ মুরাদ বলেন, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের বার্ষিক উত্তাবন কর্মপরিকল্পনা ২০২০-২১ এর ৬মং ক্রমিকে বর্ণিত ন্যূনতম একটি উত্তাবনী উদ্যোগের পাইলটিং বাস্তবায়নের অংশ হিসেবে “Rapid Survey Through Call On Screen Mode” অ্যাপ্লিকেশনটিকে উত্তাবনী উদ্যোগের পাইলটিং হিসেবে বাস্তবায়নের সিদ্ধান্তের প্রেক্ষিতে পাইলটিং হিসেবে ২৫-০২-২০২১ তারিখে বাস্তবায়ন করা হয়। এটি একটি মোবাইল অ্যাপ্লিকেশন যার মাধ্যমে যে কোন সার্ভে দ্রুত সম্পাদনের লক্ষ্যে টেলিফোন কলের মাধ্যমে একটি মোবাইল /টাচ এর সহায়তায় ডাটা কালেকশন, সার্ভারে তথ্য প্রেরণ ও প্রয়োজনীয় রিপোর্ট জেনারেশনসহ এডভান্সড ডাটা এনালিসিসের লক্ষ্যে চাহিদা মোতাবেক তথ্য সরবরাহ করা সম্ভব হবে। তিনি আরো বলেন, উদ্যোগটির যথাযথ বাস্তবায়ন হয়েছে কিনা তা ৬.২.১ নং কর্মসম্পাদন সূচক অনুযায়ী তা মূল্যায়ন করার বাধ্যবাধকতা রয়েছে। এ পর্যায়ে সভাপতি উত্তাবনী উদ্যোগটির বিষয়ে সভায় উপস্থিত সকলের মতামত আহ্বান করলে সকলে “Rapid Survey Through Call On Screen Mode” উত্তাবনী উদ্যোগটির পাইলটিং সফল হয়েছে মর্মে মত দেন। অতঃপর সভাপতি উদ্যোগটি সফল করার জন্য এ বিভাগের সিস্টেম এনালিস্ট জনাব মোহাম্মদ রফিকুল ইসলাম-কে ধন্যবাদ জ্ঞাপন করেন। তিনি বলেন এটি সফলভাবে বাস্তবায়নের ফলে ভবিষ্যতে বিবিএস কর্তৃক পরিচালিত বিভিন্ন সার্ভেতে উদ্যোগটি ব্যবহার করার সুযোগ সৃষ্টি হয়েছে।

সভার সূত্রান্তঃ

